

৪৭। মূল্য সংযোজন কর আইনের ধারা ৫৯ এর প্রাস্তস্থিত “দাঁড়ি” এর পরিবর্তে “কোলন” প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

১৯৯১ সনের ২২ নং আইনের ধারা ৫৯ এর সংশোধন

“তবে শর্ত থাকে যে, উক্ত প্রতিষ্ঠানের স্বাবর বা অস্বাবর সম্পত্তি বা মালিকানা ক্রয়কারী ব্যক্তি প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ করা বিষয়ে কোন তফসিলী ব্যাংকের নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি দাখিল করিলে যথোপযুক্ত বিবেচনায় সংশ্লিষ্ট কমিশনার তৎকর্তৃক নির্ধারিত শর্তে উহা হস্তান্তরের অনুমতি প্রদান করিতে পারিবেন।”।

৪৮। মূল্য সংযোজন কর আইনের দ্বিতীয় তফসিল এর-

১৯৯১ সনের ২২ নং আইনের দ্বিতীয় তফসিল এর সংশোধন

(ক) ক্রমিক নং ৪ এর-

(অ) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(গ) জীবন বীমা পলিসি;”;

(আ) দফা (ঘ) ও (ছ) বিলুপ্ত হইবে;

(খ) ক্রমিক নং ৬ এর দফা (ঙ) বিলুপ্ত হইবে।

৪৯। মূল্য সংযোজন কর আইনের তৃতীয় তফসিলের পরিবর্তে এই আইনের তফসিল-৪ এ বর্ণিত তৃতীয় তফসিল প্রতিস্থাপিত হইবে।

১৯৯১ সনের ২২ নং আইনের তৃতীয় তফসিলের প্রতিস্থাপন

ষষ্ঠ অধ্যায়

অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর সংশোধন

৫০। অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ৭ এর উপ-ধারা (১) এর “৩.৫%” সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “৪%” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

১৯৯৭ সনের ১৫ নং আইন এর ধারা ৭ এর সংশোধন

সপ্তম অধ্যায়

ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর সংশোধন

৫১। ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর দফা (গ) এর পর নিম্নরূপ নূতন দফা (গগ) সন্নিবেশিত হইবে, যথা:-

২০০৩ সনের ৫ নং আইনের ধারা ২ এর সংশোধন

“(গগ) “শিশু” অর্থ অনধিক আঠার বৎসর বয়সের যে কোন ব্যক্তি;”।